

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, ডিসেম্বর ৫, ২০০৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নিবন্ধন পরিদপ্তর
প্রজ্ঞাপন

তারিখ, ১৯ অগ্রহায়ণ ১৪১৪ বঙ্গাব্দ/৩ ডিসেম্বর ২০০৭ খ্রিস্টাব্দ

এস, আর, ও নং ২৭২-আইন/২০০৭।—Registration Act, 1908 (Act No. XVI of 1908), এর ধারা ৬৯ এ প্রদত্ত ক্ষমতাবলে মহা-পরিদর্শক, সরকারের অনুমোদনক্রমে, নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিলেন, যথাঃ—

১। বিধিমালার নাম ও প্রয়োগ।—(১) এই বিধিমালা পে-অর্ডারের মাধ্যমে রেজিস্ট্রেশন ফি পরিশোধ বিধিমালা, ২০০৭ নামে অভিহিত হইবে।

(২) মহা-পরিদর্শক, সরকারী গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, কোন কোন জেলা বা উপজেলায় এবং কখন হইতে এই বিধিমালা কার্যকর হইবে তাহা নির্ধারণ করিবেন।

২। সংজ্ঞা।—বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই বিধিমালায়—

(ক) “আইন” অর্থ Registration Act, 1908 (Act No. XVI of 1908) ;

(খ) “ছক” অর্থ এই বিধিমালার ছক;

(গ) “রেজিস্ট্রেশন ফি” অর্থ এই বিধিমালার উদ্দেশ্য পূরণকল্পে, সরকার কর্তৃক জারীকৃত ২৬ জুন ১৯৭৮ সনের প্রজ্ঞাপন নং S.R.O-147-L/78 দ্বারা প্রণীত Table of Fees এর “1 Ordinary Fees” শিরোনামাধীন আইনের ধারা ৮০ এর অধীন দলিল নিবন্ধনের জন্য ২৪ (চব্বিশ) হাজার টাকা উর্ধ্ব মূল্যের দলিলের A অংশের ফি এবং ক্ষেত্রমত, উক্ত ফি'র সহিত সংযুক্ত E, M(a), M(b) এবং N অংশের ফি;

(ঘ) “রেজিস্ট্রেশন বিধিমালা” অর্থ আইনের ধারা ৬৯ এর অধীন প্রণীত Bangladesh Registration Rule, 1973।

(৮৬৫১)

মূল্য : টাকা ৪.০০

৩। বিধিমালার প্রয়োগ।—এই বিধিমালার বিধানাবলী, উহাতে ভিন্নরূপ কিছু না থাকিলে, রেজিস্ট্রেশন বিধিমালার অতিরিক্ত বলিয়া গণ্য হইবে।

৪। রেজিস্ট্রেশন ফি পরিশোধ পদ্ধতি।—(১) রেজিস্ট্রিমোগ্য দলিলের উপর প্রদেয় রেজিস্ট্রেশন ফি কেবল ট্রেজারী দায়িত্ব পালনকারী স্থানীয় সোনালী ব্যাংক হইতে এতদুদ্দেশ্যে সরকার কর্তৃক নির্ধারিত খাতে ইস্যুকৃত একাউন্টপেয়ী পে-অর্ডারের মাধ্যমে পরিশোধ করিতে হইবে।

(২) পে-অর্ডারের মাধ্যমে রেজিস্ট্রেশন ফি পরিশোধের ক্ষেত্রে জেলা রেজিস্ট্রার, সাব-রেজিস্ট্রার বা সংশ্লিষ্ট অন্য কোন কর্মকর্তার পূর্বানুমোদন গ্রহণের প্রয়োজন হইবে না; তবে উক্ত ফি পে-অর্ডারের মাধ্যমে পরিশোধ করা হইলে, সংশ্লিষ্ট রেজিস্ট্রিতব্য দলিল রেজিস্ট্রেশনের উদ্দেশ্যে সাব-রেজিস্ট্রারের নিকট উপস্থাপনের সময় উক্তরূপ পরিশোধের সমর্থনে পে-অর্ডারের মূলকপি ও উহার একটি অনুলিপি জমা দিতে হইবে।

(৩) উপ-বিধি (২) এর অধীন রেজিস্ট্রেশনের উদ্দেশ্যে কোন দলিল সাব-রেজিস্ট্রারের নিকট উপস্থাপিত হইলে, তিনি উক্ত পে-অর্ডার এবং রেজিস্ট্রেশন বিধিমালার বিধি ২০ এ উল্লিখিত শর্তাবলী যাচাই করিয়া দলিলটি রেজিস্ট্রেশনের জন্য গ্রহণ করিবেন।

৫। পে-অর্ডারের মাধ্যমে ফি পরিশোধের ক্ষেত্রে প্রদেয় রশিদ।—দলিল রেজিস্ট্রেশনের উদ্দেশ্যে পে-অর্ডারের মাধ্যমে রেজিস্ট্রেশন ফি পরিশোধ করা হইলে, সাব-রেজিস্ট্রার আইনের দফা ৫২(১)(খ) এর অধীন দলিল উপস্থাপনকারীকে অথবা পে-অর্ডারের মাধ্যমে রেজিস্ট্রেশন ফি পরিশোধকারী বা তাহার প্রতিনিধিকে একটি রশিদ প্রদান করিবেন।

৬। পে-অর্ডার নথিভুক্তিকরণ।—এই বিধিমালার অধীন পে-অর্ডারের মাধ্যমে পরিশোধিত রেজিস্ট্রেশন ফি সংক্রান্ত তথ্য সাব-রেজিস্ট্রার ছক 'ক'-তে পে-অর্ডার রেজিস্ট্রেশন বহিতে সংরক্ষণ করিবেন।

৭। পে-অর্ডারের মাধ্যমে পরিশোধ সম্পর্কে দলিলে পৃষ্ঠাঙ্কন।—এই বিধিমালা অনুযায়ী পে-অর্ডারের মাধ্যমে রেজিস্ট্রেশন ফি পরিশোধ হইবার বিষয়ে নিশ্চিত হইলে, সাব-রেজিস্ট্রার দলিলের উপরিভাগে লাল কালিতে স্পষ্ট অক্ষরে উক্ত ফি পরিশোধ সম্পর্কে ছক 'খ'-তে বর্ণিত তথ্যাদি লিপিবদ্ধ করিয়া উহাতে তাহার নাম, দস্তখত ও সীলযুক্ত করিয়া পৃষ্ঠাঙ্কন সম্পন্ন করিবেন।

৮। পে-অর্ডার জমাকরণ, ইত্যাদি।—এই বিধিমালার অধীন পে-অর্ডারের মাধ্যমে রেজিস্ট্রেশন ফি প্রাপ্ত হইবার পর সাব-রেজিস্ট্রার নিম্নবর্ণিত কার্যাদি সম্পন্ন করিবেন, যথাঃ—

(ক) পে-অর্ডারের মূলকপি এবং উহার অনুলিপির অপর পৃষ্ঠায় তাহার নাম সম্বলিত সীল ও দস্তখত দিবেন;

(খ) পে-অর্ডার প্রাপ্তির পরবর্তী কার্যদিবসে ট্রেজারী চালানোর মাধ্যমে উক্ত পে-অর্ডার উপ-বিধি ৪(১) এর অধীন পে-অর্ডার ইস্যুকারী এবং ট্রেজারী দায়িত্ব পালনকারী সোনালী ব্যাংকে জমা দিবেন;

(গ) দফা (খ) এর অধীন পে-অর্ডার জমা করিবার পর সংশ্লিষ্ট ব্যাংক হইতে ট্রেজারী চালান নগদায়নপূর্বক উহার কপি সংগ্রহ করিবেন; এবং

(ঘ) দফা (খ) এর অধীন পে-অর্ডার সংশ্লিষ্ট ব্যাংকের ট্রেজারীতে জমার বিষয়টি নিশ্চিত হইবার উদ্দেশ্যে, যে মাসে পে-অর্ডারের মাধ্যমে পরিশোধিত রেজিস্ট্রেশন ফি ট্রেজারীতে জমা দেওয়া হইয়াছে উহার পরবর্তী মাসের প্রথম সপ্তাহে—

(অ) জেলা হিসাবরক্ষণ বা ক্ষেত্রমত, উপজেলা হিসাবরক্ষণ অফিস হইতে সি, টি, আর (consolidated treasury receipt) ; এবং

(আ) যে ব্যাংকে পে-অর্ডার জমা দেওয়া হইয়াছে সে ব্যাংক হইতে ব্যাংক বিবরণী সংগ্রহ করিবেন।

৯। পে-অর্ডার নগদায়ন না হওয়া, ইত্যাদি সংক্রান্ত বিধান।—(১) দফা ৮(গ) এর অধীন পে-অর্ডার নগদায়ন করা না গেলে বা পে-অর্ডার জাল বলিয়া প্রমাণিত হইলে, সংশ্লিষ্ট ব্যাংক লিখিতভাবে ৭(সাত) দিনের মধ্যে উক্ত বিষয় সাব-রেজিস্ট্রারকে অবহিত করিবে।

(২) সাব-রেজিস্ট্রার উপ-বিধি (১) এর অধীন ব্যাংক প্রতিবেদন প্রাপ্তির পর আইন ও ইহার অধীন প্রণীত বিধিমালার বিধান অনুসরণ করিয়া, দলিল গ্রহীতাকে নোটিশ প্রাপ্তির ৩(তিন) দিনের মধ্যে পে-অর্ডারের মাধ্যমে রেজিস্ট্রেশন ফি পরিশোধ করিবার জন্য নির্দেশ প্রদান করিতে পারিবেন।

১০। কতিপয় ক্ষেত্রে দলিলের কপি হস্তান্তর নিষিদ্ধ, ইত্যাদি।—দফা ৮(গ) অনুযায়ী পে-অর্ডারের মাধ্যমে রেজিস্ট্রেশন ফি নগদায়ন বিষয়ে নিশ্চিত না হওয়া পর্যন্ত বা উপ-বিধি ৯(১) এর অধীন পে-অর্ডার জাল বলিয়া প্রমাণিত হইলে, সাব-রেজিস্ট্রার সংশ্লিষ্ট দলিল গ্রহীতাকে কোন দলিলের অনুলিপি, প্রত্যাখ্যাত কপি বা মূল দলিল সরবরাহ করিবেন না; এবং উক্ত ক্ষেত্রে উক্ত দলিল বাতিলের যথাযথ আইনগত ব্যবস্থা গ্রহণ করিতে হইবে।

১১। সাব-রেজিস্ট্রার কর্তৃক পে-অর্ডার হেফাজত।—উপ-বিধি ৪(১) এর অধীন পে-অর্ডারের মাধ্যমে পরিশোধিত রেজিস্ট্রেশন ফি বিধি ৮(খ) এর অধীন ট্রেজারীতে জমা না দেওয়া পর্যন্ত সাব-রেজিস্ট্রার ব্যক্তিগতভাবে উহার নিরাপদ হেফাজতের জন্য দায়ী থাকিবেন।

১২। দলিলের রেজিস্ট্রেশন ফি মূল্যায়ন।—(১) সাব-রেজিস্ট্রি অফিসের নোটিশ বোর্ডে দলিলের ফি, সরকার কর্তৃক নির্ধারিত খাতের কোডসমূহ ও প্রদেয় করের তালিকা এমনভাবে টাঙ্গাইতে হইবে, যাহাতে সহজে উহা সর্বসাধারণের দৃশ্যমান হয় এবং রেজিস্ট্রিতব্য দলিলের পক্ষগণ নোটিশ বোর্ডে টাঙ্গানো ফি'র তালিকা দেখিয়া রেজিস্ট্রেশন ফি মূল্যায়নপূর্বক সাব-রেজিস্ট্রারের পূর্বানুমোদন গ্রহণ ব্যতিরেকে পে-অর্ডারের মাধ্যমে রেজিস্ট্রেশন ফি পরিশোধ করিতে পারে।

(২) উপ-বিধি (১) অনুযায়ী দলিলের রেজিস্ট্রেশন ফি মূল্যায়ন করিতে না পারিলে দলিলের পক্ষগণ কোন প্রকারের ফি প্রদান না করিয়া সাব-রেজিস্ট্রারের নিকট হইতে দলিলের রেজিস্ট্রেশন ফি মূল্যায়ন করাইয়া নিতে পারিবেন।

১৩। সাব-রেজিস্ট্রার কর্তৃক মাসিক বিবরণী প্রেরণ।—(১) সাব-রেজিস্ট্রার পে-অর্ডারের মাধ্যমে পরিশোধিত রেজিস্ট্রিকৃত দলিল সম্পর্কে একটি মাসিক বিবরণী সংশ্লিষ্ট মাসের পরবর্তী মাসের ৭ (সাত) দিনের মধ্যে জেলা রেজিস্ট্রারের নিকট প্রেরণ করিবেন।

(২) উক্ত মাসিক বিবরণীর সহিত দফা ৮(গ) এর অধীন সংগৃহীত ব্যাংক বিবরণীর কপি সংযুক্ত করিতে হইবে।

১৪। জেলা রেজিস্ট্রার কর্তৃক মাসিক বিবরণী প্রেরণ।—উপ-বিধি ১৩(১) এর অধীন সাব-রেজিস্ট্রার কর্তৃক প্রেরিত বিবরণীর ভিত্তিতে জেলা রেজিস্ট্রার একটি মাসিক বিবরণী প্রতি মাসের ১০ (দশ) তারিখের মধ্যে মহা-পরিদর্শক বরাবরে প্রেরণ করিবেন।

১৫। পরিদর্শন।—(১) এই বিধিমালার যথাযথ বাস্তবায়ন নিশ্চিত করিবার উদ্দেশ্যে, মহা-পরিদর্শক, তৎকর্তৃক এতদুদ্দেশ্যে ক্ষমতাপ্রাপ্ত নিবন্ধন পরিদপ্তরের কোন পরিদর্শক বা তাহার অধীনস্থ অন্য কোন কর্মকর্তা অথবা জেলা রেজিস্ট্রার সাব-রেজিস্ট্রি অফিস পরিদর্শন করিতে পারিবেন।

(২) মহা-পরিদর্শকের নিকট হইতে ক্ষমতাপ্রাপ্ত কোন পরিদর্শক, অন্য কোন কর্মকর্তা বা জেলা রেজিস্ট্রার প্রতি ৪ (চার) মাসে ন্যূনতম পক্ষে একবার সাব-রেজিস্ট্রি অফিস পরিদর্শন করিবেন।

ছক-খ

[বিধি ৭ দ্রষ্টব্য]

“..... সনের রেজিস্ট্রেশন ফি বহির নং ক্রমিকের
 দলিলের উপর প্রদেয় রেজিস্ট্রেশন বাবদ প্রদেয় টাকা
 নং পে-অর্ডার এ তারিখে
 ব্যাংকের শাখায় পরিশোধিত।

তারিখ :

সাব-রেজিস্ট্রার

নাম, দস্তখত ও সীল।”।

মোঃ মাসদার হোসেন

মহাপরিদর্শক, নিবন্ধন।

এ, কে, এম রফিকুল ইসলাম (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
 মোঃ আখতার হোসেন (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
 তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।